উপদেষ্টা
ডঃ জামিলুর রেজা চৌধুরী
ডঃ মুহাম্মদ ইব্রাহীম
ডঃ সৈয়দ মাহবুবুর রহমান
ডঃ হুমায়ুন আহমেদ
ডঃ ভূঁইয়া ইকবাল
সম্পাদনা উপদেষ্টা
মোঃ আবদুল কাদের
সম্পাদক
এস,এ,বি,এম, বদরুদ্দোজা
নির্বাহী সম্পাদক
আজম মাহমুদ
সহযোগী সম্পাদক
প্রকৌশলী দেলওয়ার হোসেন আজাদ
প্রধান নির্বাহী
ভূঁইয়া ইনাম লেনিন
সহকারী সম্পাদক
মইনউদ্দীন স্বপন
মুঃ তারেকুল মোমেন চৌধুরী
মনিরুল ইসলাম শরীফ
সম্পাদনা সহযোগী
❑ এহসানুল ইসলাম ❑ এম. আবদুল হক
❑ আসিফ মাহমুদ ❑ এইচ এস ফিরোজ
❑ সমর মিত্র ❑ মাসুদুর রহমান
❑ আবুল হোসেন ❑ মোঃ জিয়াউদ্দিন
❑ জহির হোসেন ❑ শীনা ইনাম
❑ রেহানা আখতার ❑ এ মল্লিকা রাজ
❑ জহিরুল করিম ❑ বেলায়েত হোসেন
বিদেশ প্রতিনিধি
ডঃ মুহাম্মদ জাফর ইকবাল — আমেরিকা
তানভীর আহমেদ লেলিন — আমেরিকা
ডঃ এস, মাহমুদ — বৃটেন
নির্মল চন্দ্র চৌধুরী — অস্ট্রেলিয়া
এ,এস,এম. আশরাফুল হক — চীন
মোঃ মোত্তাফিজুর রহমান — পাকিস্তান
হারুনুর রশিদ — জাপান
আবুল কাশেম মিয়া — জাপান
এস, ব্যানার্জী — ভারত
রেজোয়ান স্পুটনিক — ভারত
আর ফঃ মোঃ শামসুদ্দোহা — সিংগাপুর
এন,এম, জামাল — সুইডেন
ইমরুল কায়েস — ফ্রান্স
মোঃ হাফিজুর রহমান — হল্যান্ড
নাছির উদ্দিন পারভেজ — মধ্যপ্রাচ্য
শিল্প নির্দেশনা ও প্রচ্ছদ ঃ আলীম আজিজ
ক্যামেরা ঃ ইয়াসীন বাবুল
কমপিউটার কম্পোজ ঃ
কমপিউটারলাইন
১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা-১২০৫।
ফোন ঃ ৮৬৬৭৪৬ ফ্যাক্স ঃ ৮৮০-২-৮৬২১৯২
মুদ্রণে ঃ ক্যাপিটাল প্রিন্টিং এন্ড প্যাকেজেস লিঃ
৫০-৫১ বেগম বাজার, ঢাকা।
জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক
সালমা ফেরদৌস বীথি
প্রকাশক ঃ নাজমা কাদের
১৪৬/১ আজিমপুর রোড,
ঢাকা - ১২০৫।
ফোন ঃ ৮৬৬৭৪৬
ফ্যাক্স ঃ ৮৮০-২-৮৬২১৯২
দাম ঃ প্রতি কপি পনের টাকা
গ্রাহক হবার জন্য বার্ষিক (রেজিষ্ট্রি ডাকে) দুইশত টাকা, ষান্মাসিক (রেজিষ্ট্রি ডাকে) একশত দশ টাকা নগদ, মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট-এ "কমপিউটার জগৎ" নামে ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে।

## সম্পাদকের দফতর থেকে

মাসিক
কমপিউটার জগৎ
আগষ্ট ১৯৯৪

# অর্থনৈতিক উন্নতির চাবিকাঠি তথ্যপ্রযুক্তি

চলতি শতাব্দীর শেষভাগে এসে, *তথ্য-অর্থনীতি* বিশ্বের শিল্পবাণিজ্য, যোগাযোগ ও জীবনের মূল শিরদাঁড়া হয়ে উঠেছে। তার ঢেউ এসে লাগছে বাংলাদেশেও। গত কয়েক সপ্তাহ ধরে *সেল্যুলার টেলিফোনের* দর হ্রাস, বিনামাশুলে আইএসডি সংযোগ, এনালগ টেলিফোনের বিল ও চার্জ সীমাসরহদের মধ্যে আনা, সর্বোপরি বিপুল বিনিয়োগ নিয়ে বিদেশী টেলিফোন কোম্পানীসমূহের বাংলাদেশে আগমনের মালয়েশীয়, সিঙ্গাপুরী ও সুইডিশ প্রস্তাবসমূহ ইঙ্গিত দিচ্ছে, সরকারী ও বেসরকারী মনোপলি, সংঘবদ্ধ ট্রেড ইউনিয়নের চাপ ও মুনাফার বাড়াবাড়িকে অতিক্রম করে তথ্যপ্রযুক্তি যুগের অন্যতমধারা *টেলিযোগাযোগের* জোয়ার আসছে বাংলাদেশে। আমরা আগেও বলেছি, এখনও বলছি, সরকার, ট্রেড ইউনিয়ন কিংবা কোন শক্তিধর শিল্পপতি– কারো সাধ্য নেই, এর অগ্রযাত্রার পথে স্থায়ী বাধা হয়ে দাঁড়ায়।

হংকং-এ ৫০০০ টাকায় ও বৃটেনে ১৮০০ টাকায় সেল্যুলার টেলিফোন পান গ্রাহকেরা। হাচিনসন তার মোটোরোলা প্রযুক্তির সরঞ্জাম ব্যবহারের কথা বলে এ টেলিফোন স্থাপনের ব্যয় ১ লাখ থেকে ৫০ হাজারে নামিয়ে এনে প্রমাণ করেছে, প্রতিযোগিতার সংবাদে ও প্রতিযোগিতায় সেল্যুলার টেলিফোন ২০ হাজার টাকায় নামবে। এবং এখন আরিচা পর্যন্ত কাজ করে সেল্যুলার, ভবিষ্যতে সারা দেশ এর আওতায় আসবে।

২১ হাজার দোকানপাট ও প্রতিষ্ঠানের চাঁদপুর শহরে বর্তমানের মাত্র কয়েকশত টেলিফোনের বদলে ২১ হাজার টেলিফোন থাকলে, তার কিছু যদি আবার ভ্রাম্যমান সেল্যুলার টেলিফোন হয়, তাহলে এক বছরে শহরের বার্ষিক ব্যবসা-বাণিজ্যের টার্ণওভার বর্তমানের ২০ হাজার কোটি টাকা থেকে ৩০ হাজার কোটি টাকায় বেড়ে উঠতে পারে। এভাবে শহর, বন্দর, গ্রাম-গঞ্জে অর্থনৈতিক জীবন সক্রিয় করে তুলতে পারে টেলিযোগাযোগ। এটা সবক্ষেত্রে – কৃষি, শিল্প, মৎস্য পরিবহনে বিরাট অগ্রগতির সূচনা করতে পারে। খাতে খাতে ও সমগ্র দেশে এমন একটা জাগরণ, সক্রিয়তা, উত্তরোল অবস্থা সৃষ্টির যাদু আছে তথ্য বিনিময়ের এ সকল ব্যবস্থায়। এ লক্ষ্য সামনে রেখে **কমপিউটার জগৎ** *ফ্রগ লিপিং* এবং *সেল্যুলারের* উপর কভার ষ্টোরি করে আসছিল এ বছর। তার ও ডাক মন্ত্রী তরিকুল ইসলাম ও সচিব শওকত আলী এমন একটি *ইনফো-ইকনমি* তথা *তথ্য বিনিময় ও যোগাযোগ স্বাচ্ছন্দে অর্থনৈতিক উত্তরণের স্বপ্ন* দেখছেন, এটা জেনে আমরা আশান্বিত।

উন্নয়ন ও উত্তরণের অজস্র পথ ও পন্থার মধ্যে কমপিউটার, টেলিকম্যুনিকেশন, অফিস অটোমেশনের সম্বলিত ইনফো পদ্ধতি সবচাইতে দক্ষ ও কার্যকর। এ ব্যবস্থা মগজের উপর চাপ কমায়, জাতিকে বুদ্ধিমান ও শক্তিমান করে এবং জনগণকে সক্রিয় করে। সমগ্র বিশ্ব *ইনফরমেশন সুপার হাইওয়ে* বা তথ্যস্রোতের বিশ্বআবর্তে বিশ্বকে এক মহা-রাজপথে এনে ফেলেছে, তখন ই-মেল ও গ্রাউন্ড ষ্টেশন বেসরকারী খাতে প্রতিষ্ঠার সুযোগ দিয়ে বাংলাদেশ তার পশ্চাদপদতা কাটিয়ে উঠতে পারে। বিশ্বের ১২ হাজার ডাটা বেস ও সুপার হাইওয়ের সাথে এ জাতিকে যুক্ত করার সিদ্ধান্ত গ্রহণে সরকার বিলম্ব করবে না বলে আশা করতে পারি।

টেলিফোন, কমপিউটার, অফিস অটোমেশনকে সর্বোচ্চ পর্যায়ে ব্যবহার করে জাতীয় বিনিয়োগের সুফল আহরণের জন্য আমরা ব্যবহারকারীদের তথ্যযুগের জীবন সংস্কৃতি ও কড়ি ও কোমল প্রযুক্তি চর্চায় দ্রুত অগ্রসর হতে আহ্বান জানাচ্ছি। এবং এ শতাব্দীর বাকী ৫ বছরের মধ্যে জাতিকে এসব ক্ষেত্রে কাজ শেষ করে সমগ্র বিশ্বে নবশতাব্দীর প্রেক্ষাপটে মেধামনন ও শক্তির পরিচয় দিতে হবে, এ কথা যেন আমরা না ভুলি।

## কমপিউটার পরিচিতি প্রতিযোগিতা

স্কুল-কলেজের ছাত্র ছাত্রীদের কমপিউটারে আগ্রহী করে তুলতে কমপিউটার জগৎ-এ আগামী সংখ্যা থেকে একটি নতুন প্রতিযোগিতা শুরু হবে। এতে সাধারণ জ্ঞানসহ কমপিউটারের উপর খুব সহজ সহজ প্রশ্ন থাকবে যাতে করে যারা কমপিউটার সম্পর্কে তেমন কিছু জানে না তারাও অংশগ্রহণ করতে পারবে। প্রতিযোগিতায় অংশ নিতে হবে ৫ জনের একটি দল গঠন করে।

স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী ভাই বোনেরা আজই ৫ বন্ধু মিলে একটি গ্রুপ গঠন করে ফেল।

### পুরস্কার?

**১টি কমপিউটার ও প্রিন্টারসহ তোমাদের জন্য রয়েছে অনেক আকর্ষণীয় পুরস্কার**

সৌজন্য ঃ **সুপেরিয়র ইলেক্ট্রনিক্স**
৯১, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা; ফোন ঃ ৫০৪১০১, ৮৬৭০৯১

লেখক সম্পাদক ঃ ❑ রেজাউল করিম ❑ আবদুল হালিম ❑ গোলাম নবী জুয়েল ❑ মোঃ হাসান শহীদ